



ক্যান্টিন পরিচালনার দরপত্র বিজ্ঞপ্তি

০১। বিমান বাংলাদেশ এয়ারলাইনস লিঃ এর ঢাকাস্থ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর এলাকায় অবস্থিত বিমান স্টাফ ক্যান্টিন (৪৬৪৫ বর্গফুট), বিএটিসি ক্যান্টিন (৮৭৪ বর্গফুট) ও প্রকৌশল হ্যাংগার ক্যান্টিন (টি-রুম) (৩৬০ বর্গফুট) এবং চট্টগ্রামস্থ ষোলশহরে অবস্থিত সিটি অফিস ক্যান্টিন (১৭৫০ বর্গফুট) ও শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর এলাকায় অবস্থিত বিমান ভবন ক্যান্টিন (২৩০০ বর্গফুট) ০৩ (তিন) বছর মেয়াদে চুক্তি ভিত্তিতে পরিচালনার জন্য সরকারী/আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত/বহুজাতিক কোম্পানী/স্বনামধন্য বেসরকারী প্রতিষ্ঠানে কমপক্ষে ৪০০)চারশত (জনের ক্যান্টিন/ক্যাটারিং সার্ভিস পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন অথবা ১০০০)এক হাজার (বর্গফুট আয়তনের ২০০) দুইশত(জন বসার ব্যবস্থা সম্বলিত ০৩(তিন)বছরের অভিজ্ঞতাসম্পন্ন রেস্তোরা/ক্যাটারিং সার্ভিস পরিচালনাকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে আলাদাভাবে এক খাম পদ্ধতিতে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ

প্যাকেজ-১:

বিমান স্টাফ ক্যান্টিন:

- বিমান স্টাফ ক্যান্টিন একক ঠিকাদার প্রতিষ্ঠান দ্বারা পরিচালিত হবে। উক্ত ক্যান্টিনের জন্য আলাদাভাবে দরপত্রে অংশ গ্রহণ করতে হবে।
- আগামী ০৮-০৩-২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত নিজস্ব লেটারহেড প্যাডে ঢাকা বিমান স্টাফ ক্যান্টিন এর জন্য আবেদনপূর্বক ১০০০/- (এক হাজার) টাকা জমাদান সাপেক্ষে (অফেরতযোগ্য)বিস্তারিত তথ্য/শর্ত সম্বলিত দরপত্র/সিডিউল বিমানের প্রধান কার্যালয়, “বলাকা ভবন”, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ এর ক্যাশ এন্ড ব্যাংকিং শাখা হতে অফিস চলাকালীন সকল কার্যদিবসে ক্রয় করা যাবে।

প্যাকেজ-২:

- বিএটিসি ক্যান্টিন ও প্রকৌশল হ্যাংগার ক্যান্টিন (টি-রুম) একই ঠিকাদার দ্বারা পরিচালিত হবে বিধায় একই প্রতিষ্ঠান উক্ত ক্যান্টিনদ্বয়ের জন্য দরপত্রে অংশ গ্রহণ করবে।
- আগামী ০৮-০৩-২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত নিজস্ব লেটারহেড প্যাডে বিএটিসি ক্যান্টিন ও প্রকৌশল হ্যাংগার ক্যান্টিন (টি-রুম) এর জন্য আবেদনপূর্বক ১০০০/- (এক হাজার) টাকা জমাদান সাপেক্ষে (অফেরতযোগ্য) বিস্তারিত তথ্য/শর্ত সম্বলিত দরপত্র/টেন্ডার সিডিউল বিমানের প্রধান কার্যালয়, “বলাকা ভবন”, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ এর ক্যাশ এন্ড ব্যাংকিং শাখা হতে অফিস চলাকালীন সকল কার্যদিবসে ক্রয় করা যাবে। এখানে বিশেষ ভাবে উল্লেখ্য প্যাকেজ-১ ও প্যাকেজ-২-এ উল্লেখিত ক্যান্টিনসমূহের জন্য দরপত্র/টেন্ডার সিডিউল শুধুমাত্র বিমানের উপরোল্লিখিত ঢাকা অফিসে পাওয়া যাবে।

প্যাকেজ-৩:

চট্টগ্রাম সিটি অফিস ক্যান্টিন ও বিমান ভবন ক্যান্টিন:

- চট্টগ্রাম সিটি অফিস ক্যান্টিন ও চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর এলাকায় অবস্থিত বিমান ভবন ক্যান্টিনদ্বয় একই ঠিকাদার প্রতিষ্ঠান দ্বারা পরিচালিত হবে বিধায় একই প্রতিষ্ঠান চট্টগ্রামের ক্যান্টিনদ্বয়ের জন্য দরপত্রে অংশগ্রহণ করবে।
- আগামী ০৮-০৩-২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত নিজস্ব লেটারহেড প্যাডে চট্টগ্রাম সিটি অফিস ক্যান্টিন ও চট্টগ্রাম বিমান ভবন ক্যান্টিনদ্বয়ের জন্য আবেদনপূর্বক ১০০০/- (এক হাজার)টাকা জমাদান সাপেক্ষে (অফেরতযোগ্য) বিস্তারিত তথ্য/শর্ত সম্বলিত দরপত্র/টেন্ডার সিডিউল বিমান ভবন, ১/২, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম এর অর্থ শাখা হতে ক্রয় করা যাবে। এখানে বিশেষ ভাবে উল্লেখ্য চট্টগ্রামস্থ ক্যান্টিনদ্বয়ের জন্য দরপত্র/টেন্ডার সিডিউল শুধুমাত্র উপরোল্লিখিত চট্টগ্রাম বিমান অফিসে পাওয়া যাবে।

০২। আগামী ০৯-০৩-২০২১খ্রিঃ তারিখ বেলা ১৫:০০ ঘটিকা পর্যন্ত ঢাকায় অবস্থিত বিমান ক্যান্টিন সমূহের জন্য বিমান প্রধান কার্যালয়, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ এর অভ্যর্থনা কক্ষে রক্ষিত নির্ধারিত বাঞ্ছিত দরপত্র/টেন্ডার সিডিউল জমা দেয়া যাবে। বিমানের চট্টগ্রাম অফিস থেকে চট্টগ্রাম বিমান ক্যান্টিনদ্বয়ের জন্য ক্রয়কৃত দরপত্র/টেন্ডার সিডিউল বিমান ভবন, ১/২, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম এর জেলা ব্যবস্থাপকের অফিস কক্ষে রক্ষিত নির্ধারিত বাঞ্ছিত দরপত্র/ টেন্ডার সিডিউল জমা দেয়া যাবে। এছাড়াও আগ্রহী দরদাতাগণ কুরিয়ার সার্ভিস/ডাকযোগে ব্যবস্থাপক শিল্প সম্পর্ক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বিমান প্রধান কার্যালয়, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ এর বরাবর দরপত্র প্রেরণ করতে পারবেন। তবে দরপত্র অবশ্যই নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে বিমান প্রধান কার্যালয়ে পৌঁছাতে হবে। নির্ধারিত সময় ও তারিখের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্রসমূহ আগামী ১৫/০৩/২০২১ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় মিনি কনফারেন্স রুম, বিমান প্রধান কার্যালয়, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকায় টেন্ডার কমিটি কর্তৃক দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। বিমান কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার পূর্ণ অধিকার/ক্ষমতা সংরক্ষণ করে।

ব্যবস্থাপক শিল্প সম্পর্ক